বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়, ঢাকা।
৮৩-৮৫,মতিঝিল বানিজ্যিক এলাকা,ঢাকা-১০০০।
ঋণ আদায় বিভাগ।

পরিবেশ বান্ধব ব্যাংকিং করুন
ফোন ঃ- ০২- ৯৫৬৩১৬৫
ফ্যাক্স ঃ- ০২-৯৫৫০৫০৫
Email:dgmrecovery@krishibank.org.bd


ঋণ আদায় মহাবিভাগ পরিপত্র নং- ০২/২০১৫

তারিখঃ ১২-০৭-২০১৫ খ্রিঃ

Better BKB

**বিষয় ঃ সুদ মওকুফ নীতিমালা প্রণয়ন ও বাস্তবায়ন প্রসংগে।**

এ দেশের অর্থনীতি প্রধানত কৃষি নির্ভর। প্রাকৃতিক দুর্যোগের কারণে বিভিন্ন সময়ে কৃষকদের ফসলহানিসহ কৃষি পন্য উৎপাদন ও বাজারজাতকরণ সংশ্লিষ্ট ব্যবসা প্রতিষ্ঠান, কৃষি ভিত্তিক শিল্প প্রতিষ্ঠান রুগ্ন/বন্ধ হওয়াসহ অন্যান্য ক্ষয় ক্ষতি সাধিত হয়। এ ধরনের প্রতিকূল অবস্থা কাটিয়ে উঠার লক্ষ্যে অর্থ মন্ত্রণালয় হতে বিভিন্ন সময়ে ঋণের সুদ মওকুফ সংক্রান্ত নির্দেশনা জারী করা হয়। অর্থ মন্ত্রণালয়ের নির্দেশনাক্রমে অত্র ব্যাংক কর্তৃক ঋণের সুদ মওকুফ করা হচ্ছে।

০২। অর্থ মন্ত্রণালয়ের সুদ মওকুফ নীতিমালার আলোকে ২৬-০৬-২০১৪ খ্রিঃ তারিখের ডিএমডি-১(ঋণ আদায়) পরিপত্র নং-০৬/২০১৪ এর মাধ্যমে জারীকৃত সুদ মওকুফ নীতিমালায় কতিপয় পরিবর্তন/সংশোধন/নতুনভাবে সংযোজনপূর্বক পরিচালনা পর্ষদের ২৯-০৬-২০১৫ তারিখে অনুষ্ঠিত ৬৪১ তম সভায় সুদ মওকুফ নীতিমালা প্রণয়ন ও বাস্তবায়ন সংক্রান্ত একটি কার্যপত্র উপস্থাপন করা হয়। পর্ষদ সভায় বিষয়টি পর্যালোচনা করে নিম্নোক্ত সিদ্ধান্ত প্রদান করা হয়ঃ

" সুদ মওকুফ সংক্রান্ত অর্থ মন্ত্রণালয়ের বিদ্যমান নির্দেশনার আলোকে ৩০-০৬-২০১১ বা তদ্‌পূর্বে "মন্দ/ক্ষতি (BL)" হিসেবে শ্রেণীকৃত ১০.০০ লক্ষ টাকা পর্যন্ত মূল ঋণ সম্বলিত সকল ধরনের ঋণের(চলতি মূলধন/নগদ ঋণ/বিল অব এক্সচেঞ্জ /চা ও রাবার ঋণ ব্যতীত) প্রাথমিক সুদ মওকুফের ক্ষমতা কর্পোরেট শাখা প্রধান/শাখা ব্যবস্থাপক/মুখ্য আঞ্চলিক/ আঞ্চলিক/ বিভাগীয় কার্যালয় পর্যায়ে গঠিত সুদ মওকুফ কমিটির উপর ন্যস্তকরণ এবং ডিএমডি-১(ঋণ আদায়) পরিপত্র নং-০৬/২০১৪ তারিখ ২৬-০৬-২০১৪ এ বর্ণিত নির্দেশনা যথারীতি বহাল রেখে সুদ মওকুফের আলোচ্য নীতিমালা ০১-০৭-২০১৫ তারিখ হতে কার্যকর করে ৩০-০৬-২০১৬ তারিখ পর্যন্ত বলবৎ রাখা সংক্রান্ত প্রস্তাব অনুমোদন করা হলো।"

০৩। উল্লেখ্য, বাংলাদেশ গেজেট, অতিরিক্ত সংখ্যা, রবিবার, ডিসেম্বর,১৪,২০১৪ তারিখে প্রকাশিত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, অর্থ মন্ত্রণালয়, ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ এর প্রজ্ঞাপন এস,আর,ও নং- ২৮১-আইন/২০১৪ এর **Part-II -Financial Powers** সংক্রান্ত পরিচ্ছেদে ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের অনুকূলে ন্যস্ত সুদ মওকুফ সংক্রান্ত আর্থিক ক্ষমতাবলে অর্থ মন্ত্রণালয়ের ২৯-০৬-২০০৬ তারিখের পত্র নং-২০৭, ১৩-১১-০৬ তারিখের পত্র নং-৩৬২ এবং ১২-০২-২০০৮ তারিখের পত্র নং -৬৭ এ বর্ণিত সুদ মওকুফের মূল শর্তসমূহ পরিপালন সাপেক্ষে পূর্ববর্তী অর্থ বছরের ৩০ জুন তারিখে "মন্দ/ক্ষতি (B/L)" হিসেবে শ্রেণীকৃত ৫.০০(পাঁচ) লক্ষ টাকা পর্যন্ত মূল ঋণ সম্বলিত ঋণের আয় খাত ডেবিট না করে অনাদায়ী আরোপিত সুদের সর্বোচ্চ ১০০% এবং অনারোপিত সুদের সর্বোচ্চ ১০০% মওকুফ করতে পারবেন। এ ধরনের সুদ মওকুফ প্রস্তাব বিধি মোতাবেক মাঠ কার্যালয় হতে প্রধান কার্যালয়ের সংশ্লিষ্ট বিভাগে প্রেরণ করতে হবে। ব্যবস্থাপনা পরিচালক কর্তৃক মওকুফকৃত সুদের অবস্থার প্রতিবেদন মাসিক ভিত্তিতে পরিচালনা পর্ষদের অবগতির জন্য উপস্থাপন করতে হবে।

০৪। পরিচালনা পর্ষদের সিদ্ধান্তের প্রেক্ষিতে কর্পোরেট শাখা প্রধান/শাখা ব্যবস্থাপক/মুখ্য আঞ্চলিক/ আঞ্চলিক/বিভাগীয় কার্যালয় পর্যায়ে গঠিত প্রাথমিক সুদ মওকুফ কমিটি কর্তৃক ৩০-০৬-২০১১ বা তদ্‌পূর্বে "মন্দ/ক্ষতি (BL)" হিসেবে শ্রেণীকৃত ১০.০০ লক্ষ টাকা পর্যন্ত মূল ঋণ সম্বলিত সকল ধরণের ঋণের(চলতি মূলধন/নগদ ঋণ/বিল অব এক্সচেঞ্জ /চা ও রাবার ঋণ ব্যতীত) প্রাথমিক সুদ মওকুফ অনুমোদন এবং প্রাথমিক সুদ মওকুফ অনুমোদন কমিটি/কর্তৃপক্ষের ক্ষমতা বহির্ভূত সুদ মওকুফ প্রস্তাব (ব্যবস্থাপনা পরিচালক ও পর্ষদের এখতিয়ারভুক্ত) প্রক্রিয়াকরণ এবং বাস্তবায়নে কার্যকর ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

(মোঃ আমিনুল ইসলাম খন্দকার)
মহাব্যবস্থাপক

নং-প্রকা/আদায়-২(১)/সুদ মওকুফ/২০১৫-২০১৬/৩৫ (১২০০)

তারিখঃ ১২-০৭-২০১৫ খ্রিঃ

সদয় জ্ঞাতার্থে ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো ঃ

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়,বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়,ঢাকা।
০২। স্টাফ অফিসার, সকল উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক,প্রধান কার্যালয়,ঢাকা।
০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৪। সচিব,পর্ষদ সচিবালয়/সকল উপ-মহাব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক,প্রধান কার্যালয়,ঢাকা/স্টাফ কলেজ,মিরপুর,ঢাকা।
০৫। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, সকল বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৬। উপ-মহাব্যবস্থাপক,তথ্য প্রযুক্তি বিভাগ,বিকেবি,প্রকা,ঢাকা। পরিপত্রটি ব্যাংকের ওয়েবসাইটে আপলোডের প্রয়োজনীয় ব্যবস্থাগ্রহণের অনুরোধ করা হলো।
০৭। উপ-মহাব্যবস্থাপক,স্থানীয় মুখ্য কার্যালয়/সকল কর্পোরেট শাখা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৮। মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক, সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক
০৯। আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, সকল আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়,বাংলাদেশ কৃষি ব্যাংক।
১০। সকল শাখা ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়ের মাধ্যমে)।
১১। নথি/মহানথি।

(মোঃ আব্দুল মান্নান)
উপ-মহাব্যবস্থাপক

Comp-2 D: Interest Exemption circular.doc'55'